সংবাদ

তারিখ ... ৪।১২।৮৩ ...
পৃষ্ঠা ... ৩ কলাম ২ ...

094

# বিনামূল্যের বই নিয়ে আগামী বছরও সমস্যা দেখা দিতে পারে

(নিজস্ব বার্তা পরিবেশক)

প্রাথমিক শিক্ষা পরিদপ্তর বিনামূল্যের বই বিতরণ করতে গিয়ে আগামী শিক্ষা বছরও বিপাকে পড়তে পারে বলে আশংকা করা হচ্ছে।

নির্ভরযোগ্য সূত্রে জানা গেছে যে, দেশের বিভিন্ন স্থান থেকে আগামী শিক্ষা বছরের প্রথম শ্রেণীর জন্য প্রায় ৪০ লাখ সেট বইয়ের

(শেষ পৃ: ৩-এর ক: দ্র:)

## বিনামূল্যে বই

(১ম পাতার পর)

চাহিদা এসেছে। কিন্তু কর্তৃপক্ষ ৩২ লাখ সেট বই বিতরণের সিদ্ধান্ত নিয়েছেন। উল্লেখ্য, চলতি শিক্ষা বছরে প্রথম শ্রেণীতে ২০ লাখ সেট বই বিতরণের সিদ্ধান্ত নেয়া হয়েছিল। কিন্তু পরবর্তীকালে প্রথম শ্রেণীর বইয়ের চাহিদা বৃদ্ধি পাওয়ায় স্কুল টেক্সট বুক বোর্ডকে তাড়াহুড়ো করে আরও ১০ লাখ সেট বই ছাপাতে হয়। শেষ পর্যন্ত ২৯ লাখ সেট বই বিতরণ করা হয়েছিল।

দ্বিতীয় ও তৃতীয় শ্রেণীতে কোন সমস্যা দেখা দেবে না বলে জানা গেছে। কারণ আগামী শিক্ষা বছরে চাহিদা অনুযায়ী দ্বিতীয় ও তৃতীয় শ্রেণীতে যথাক্রমে ২০ লাখ ও ১৩ লাখ সেট বই বিতরণ করার সিদ্ধান্ত নেয়া হয়েছে। এছাড়া আগামী শিক্ষা বছর চতুর্থ শ্রেণীর বই মূল দামের অর্ধেকে বিক্রি করা হবে। খোলা বাজারে এসব বই পাওয়া যাবে। বইয়ের উপর অর্ধেক মূল্যই লেখা থাকবে। বই বিক্রির পর হিসেব করে প্রাথমিক শিক্ষা পরিদপ্তর বাকী অর্ধেক দাম স্কুল টেক্সট বুক বোর্ডকে পরিশোধ করে দেবে।

প্রাথমিক শিক্ষা পরিদপ্তরের একটি সূত্র জানিয়েছেন যে, শিশু শ্রেণীর ছাত্র-ছাত্রীদের মধ্যে প্রথম শ্রেণীর বই বিতরণ করার ফলেই চলতি শিক্ষাবছরে সমস্যা সৃষ্টি হয়েছিল। আগামী শিক্ষাবছরের জন্য প্রথম শ্রেণীর বইয়ের যে চাহিদা এসেছে তাতে এটা পরিষ্কার যে, উক্ত তালিকায় শিশু শ্রেণীর ছাত্র-ছাত্রীদের অন্তর্ভুক্ত করা হয়েছে। চলতি শিক্ষা বছরে প্রথম শ্রেণীতে ২৯ লাখ ২০ হাজার সেট বই বিতরণ করা হয়েছিল। আগামী শিক্ষা বছর প্রথম শ্রেণীতে ২ লাখ ৮০ হাজার সেট বাড়িয়ে ৩২ লাখ সেট বই বিতরণ করা হচ্ছে। তাই সুষ্ঠুভাবে বই বিতরণ করা হলে কোন সমস্যা সৃষ্টি হবে না বলে ধারণা করা হচ্ছে।

উক্ত সূত্র জানান যে, প্রথম শ্রেণীর বই বিতরণে যেকোন অনিয়মের ব্যাপারে সংশ্লিষ্ট সকলকে সতর্কতা অবলম্বনের অনুরোধ করা হয়েছে। সম্প্রতি পরিদপ্তরের একটি সার্কুলারে বলা হয়েছে যে, প্রথম শ্রেণীতে বিদ্যালয় প্রতি গড়ে পৌর এলাকায় ৭০ জন এবং পৌর এলাকার বাইরে ৬০ জন ছাত্রছাত্রী ধরে বইয়ের সেটের সংখ্যা নির্ধারণ করা হয়েছে। বিদ্যালয় প্রতি ছাত্রছাত্রীর সংখ্যা কম-বেশী হলে উপজেলা/থানা বই বিতরণ কমিটি তা বিবেচনা করে বিদ্যালয়ে বই পাঠাবেন। এ ছাড়া শিশু শ্রেণী এবং ৫ বছরের নীচের ছাত্র-ছাত্রীদের অথবা শিশু শ্রেণীর ছাত্রছাত্রীদের প্রথম শ্রেণীতে নাম লিখিয়ে বই নেয়ার জন্য বলা হয়েছে।